# কমপিউটার জগতের খবর

## ৫৫ হাজার ফ্রিল্যান্সার তৈরির প্রকল্প অনুমোদন

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ সরকার ২০ হাজার নারীসহ ৫৫ হাজার ফ্রিল্যান্সার তৈরির উদ্যোগ বাস্তবায়ন করতে একটি প্রকল্প হাতে নিয়েছে। সম্প্রতি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) বৈঠকে এর অনুমোদনও দেয়া হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় লার্নিং অ্যান্ড আর্নিং ডেভেলপমেন্ট শীর্ষক প্রকল্পটি বাস্তবায়ন করবে। পরিকল্পনা কমিশন সূত্রে জানা যায়, প্রকল্পটির জন্য ৩০৫ কোটি ৬৭ লাখ টাকা বরাদ্দ চেয়েছিল তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়। তবে কমিশনের পিইসি সভায় এটি পর্যালোচনার পর ১৮০ কোটি ৪০ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়। এ প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে ২০ হাজার নারীকে বেসিক আইটি জ্ঞান প্রশিক্ষণ এবং ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে ২৫ হাজার শিক্ষার্থীকে ফ্রিল্যান্সারে পরিণত করতে আউটসোর্সিং বিষয়ে বেসিক প্রশিক্ষণ দেয়া হবে। প্রকল্পের আওতায় সারাদেশে মেলা, আঞ্চলিক পর্যায়ে ফ্রিল্যান্স কর্মশালা, সম্মেলনসহ বিভিন্ন আয়োজনও থাকবে। প্রকল্প বাস্তবায়নে ৮০টি ল্যাপটপ, ৮০টি মডেম, ৪০টি পেনড্রাইভ, ৫টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, একটি ফটোকপিয়ারসহ প্রয়োজনীয় অফিস ইকুইপমেন্ট এবং একটি মাইক্রোবাস, একটি জিপ ও একটি ক্যারাভান জিপ কেনা হবে ◆

## ২৫ হাজার ট্যাব পাচ্ছেন সরকারি কর্মকর্তারা



*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ কাজের গতি বাড়াতে ইউনিয়ন পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত ২৫ হাজার সরকারি কর্মকর্তা ট্যাবলেট পাচ্ছেন। আমলাতান্ত্রিক জটিলতা এড়ানোর পাশাপাশি কাজের দীর্ঘসূত্রতা কমাতে সব সরকারি দফতরের প্রধান কর্মকর্তাকে ট্যাব দেয়ার এ উদ্যোগ নিয়েছে সরকার। ইনফো সরকার প্রকল্পের দ্বিতীয় পর্বের কর্মসূচির আওতায় ২০১৪ সালের মধ্যে ২৫ হাজার ট্যাব বিতরণের কাজটি শেষ করবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়। ইতোমধ্যে চীনের মোবাইল ফোন প্রস্তুতকারক হুয়াওয়ের সাথে ট্যাব সরবরাহ ও সার্ভিস বিষয়ে চুক্তি হয়েছে। জানা গেছে, সরবরাহ করা ট্যাবে উন্নত প্রযুক্তি সন্নিবেশ ও এটি যাতে টেকসই হয় তা নিশ্চিত করতে মন্ত্রণালয়ের একটি মনিটরিং টিম কাজ করছে ◆

## নতুন তফসিলে বিসিএস নির্বাচন ২৯ মার্চ

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ বাংলাদেশ কমপিউটার সমিতির ২০১৪-১৫ সালের কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটির নির্বাচনের পুনঃতফসিল ঘোষণা করেছে বিসিএস নির্বাচন কমিশন। নতুন তফসিল অনুযায়ী আগামী ২৯ মার্চ শনিবার সমিতির কার্যনির্বাহী কমিটি ও ৮টি শাখা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। বিসিএসের নির্বাচন পরিচালনার জন্য গঠিত নির্বাচনী বোর্ড সম্প্রতি নির্বাচনের এ পুনঃতফসিল ঘোষণা করে। ঘোষিত পুনঃতফসিল অনুসারে, আগামী ৮ ফেব্রুয়ারি প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ এবং ১৭ ফেব্রুয়ারি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।

নির্বাচনী বোর্ডের চেয়ারম্যান হিসেবে সেটকম কমপিউটার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক স্বদেশ রঞ্জন সাহা এবং সদস্য হিসেবে দ্য কমপিউটার লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক খন্দকার আতিক-ই-রব্বানী ও মাসনুনস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক কামরুল ইসলাম দায়িত্ব পালন করছেন।

নির্বাচনী আপিল বোর্ডের চেয়ারম্যান হিসেবে সিপ্রোকো কমপিউটারস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক শাফকাত হায়দার এবং সদস্য হিসেবে আইবিসিএস প্রাইমেক্স সফটওয়্যার (বিডি) লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এস কবির আহমেদ ও কমপিউটার ডিভাইস অ্যান্ড টেকনোলজির স্বত্বাধিকারী একেএম শামসুল হুদা দায়িত্ব পালন করছেন।

উল্লেখ্য, গত ১৪ ডিসেম্বর বিসিএসের উপরোক্ত নির্বাচন অনুষ্ঠানের তারিখ নির্ধারিত হলেও দেশের সার্বিক পরিস্থিতি ও দেশের বিভিন্ন জেলায় অবস্থানরত ভোটারদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় নিয়ে নির্বাচন স্থগিত করা হয় ◆

## এক বছরে স্মার্টফোন বিক্রি ১০০ কোটি



*কমপিউটার জগৎ নিউজ ডেস্ক* ॥ প্রযুক্তির উন্নয়নের সাথে সাথে বাড়ছে স্মার্টফোনের জনপ্রিয়তা। নিত্যনতুন ফিচারসমৃদ্ধ স্মার্টফোনের দিকে ক্রেতাদের আগ্রহ বাড়ছে। তাই তো বিক্রির দিক থেকে ২০১৩ সালের আগের সব রেকর্ড ছাড়িয়ে গেছে। বছরটি যেনো ছিল স্মার্টফোনের বছর। গেল বছরে ১০০ কোটি স্মার্টফোন বিক্রির মাইলফলক অতিক্রম করেছে স্মার্টফোন নির্মাতা প্রতিষ্ঠানগুলো। মার্কিন বাজার গবেষণা প্রতিষ্ঠান আইডিসি পরিচালিত জরিপ থেকে এ তথ্য পাওয়া গেছে। জরিপের তথ্যানুযায়ী, ১০০ কোটি ৪০ লাখ স্মার্টফোন বিক্রি করেছে নির্মাতারা, যা ২০১২ সালের চেয়ে ৩৮.৪ শতাংশ বেশি। স্মার্টফোন বিক্রির শীর্ষে ছিল স্যামসাং। মোট বিক্রির ৩১.৩ শতাংশ ছিল দক্ষিণ কোরিয়ার কোম্পানিটির দখলে। দ্বিতীয় অবস্থানে রয়েছে অ্যাপলের আইফোন। এরপর যথাক্রমে হুয়াওয়ে, এলজি ও লেনোভো ◆

## কোরিয়ায় চালু হচ্ছে ৫জি

বিশ্বের সবচেয়ে বেশি ইন্টারনেট ব্যবহারকারী দেশ দক্ষিণ কোরিয়ায় চালু হতে যাচ্ছে পঞ্চম প্রজন্মের (৫জি) ইন্টারনেট সেবা। ১৫০ কোটি ডলারের এ উদ্যোগের ফলে বড় বড় মুভিও কয়েক সেকেন্ডে ডাউনলোড করা যাবে। দেশটির বিজ্ঞান মন্ত্রণালয় জানায়, আগামী ছয় বছরের মধ্যে এটি পূর্ণাঙ্গভাবে চালু হবে। গতির দিক দিয়ে হবে ৪জি'র এক হাজার গুণ। মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, আমরা ১৯৯০ সালে ২জি দিয়ে, ২০০০ সালে ৩জি দিয়ে এবং ২০১০ সালে ৪জি দিয়ে জাতীয় প্রবৃদ্ধি বাড়িয়েছি। এখন সময় এসেছে ৫জি'র জন্য প্রস্তুত হওয়ার। বর্তমান পরিকল্পনা অনুযায়ী, ২০১৭ সালে পরীক্ষামূলক ৫জি এবং ২০২০ সালে পূর্ণাঙ্গ বাণিজ্যিক ৫জি চালু হবে কোরিয়ায়। এতে মূল আলট্রা-এইচডি কোয়ালিটির মিডিয়া ও দ্রুতগতির সোশ্যাল নেটওয়ার্কের প্রতি গুরুত্ব দেয়া হবে। ২০২০ থেকে ২০২৬ সাল পর্যন্ত এ খাত থেকে ৩৩১ ট্রিলিয়ন উইয়ান আয় করতে পারবে বলে ভবিষ্যদ্বাণী করা হয়েছে ◆

## প্রথম মাল্টিকালার থ্রিডি প্রিন্টার উন্মোচন



বিশ্বের প্রথম মাল্টি-ম্যাটেরিয়াল ও মাল্টিকালার পূর্ণাঙ্গ থ্রিডি প্রিন্টার তৈরি করেছে মার্কিন প্রতিষ্ঠান স্ট্র্যাটাসিস। এর আগে কোম্পানিটি মেকারবট সিরিজের থ্রিডি প্রিন্টার দিয়ে বেশ জনপ্রিয়তা পেয়েছিল। নতুন প্রিন্টারে 'ট্রিপল-জেটিং' নামে একটি প্রযুক্তি ব্যবহার করা হয়েছে, যা তিন ধরনের বেসিক ম্যাটেরিয়াল থেকে চূড়ান্ত প্রিন্ট তৈরি করতে পারে। তাই আগের যেকোনো থ্রিডি প্রিন্টারের চেয়ে এতে অনেক কম সময়ে এবং নিখুঁতভাবে বস্তু প্রিন্ট করা যাবে। অবজেক্ট৫০০ কনেক্স৩ মডেলের প্রিন্টারটির দাম ৩ লাখ ৩০ হাজার ডলার। এতে কালারিংয়ের জন্য ট্র্যাডিশনাল টুডি কালার মিক্সিং ব্যবহার করা হয়েছে। অর্থাৎ সায়ান, ম্যাজেন্টা ইয়েলো ও ব্ল্যাক ব্যবহার করে যেকোনো রং তৈরি করা যাবে ◆

## হ্যাভেলস এক্স সিরিজের ৪২ইউ সার্ভার র‍্যাক বাজারে



হ্যাভেলস সার্ভার র‍্যাক ওয়াল মাউন্ট/নেটওয়ার্কিং/টেলিকম-র‍্যাক, সুইচ মাউন্টেবল নেটওয়ার্কিং অ্যাক্সেসরিজের সাথে সমন্বয় রেখে মাল্টিলেভেল অ্যাডজাস্টেবল ইকুইপমেন্ট মাউন্টিং রেল ইজি ইনস্টলেশন সুবিধাসহ হ্যাভেলসের উচ্চ তাপশোধক ধাতু সম্পূর্ণ আদ্রতামুক্ত। ফায়ার প্রুফ র‍্যাক পূর্ণাঙ্গ সলিউশন নিয়ে ১০ বছর বিক্রয়োত্তর সেবা ও ৩ বছর অ্যাক্সেসরিজ প্রতিস্থাপনের সুবিধাসহ মক্কা ইন্টারন্যাশনাল বাজারজাত করছে ◆

## মার্চে বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড : প্রতিযোগী আহ্বান

দেশে চতুর্থবারের মতো আয়োজিত হতে যাচ্ছে 'বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড'। আগামী ৮ মার্চ বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস তথা বেসিস এ পুরস্কার অনুষ্ঠানের আয়োজন করছে। গত বছরের মতো এবারও সর্বমোট ১০০টি পুরস্কার দেয়া হবে। বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড ২০১৪ উপলক্ষে সম্প্রতি বেসিস সম্মেলন কক্ষে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব কথা জানানো হয়। গত তিন বছর ধরে বেসিস ফ্রিল্যান্সারদের উৎসাহিত করার জন্য এবং তরুণদের এই পেশায় আগ্রহী করার জন্য এ অ্যাওয়ার্ড দিয়ে আসছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। আউটসোর্সিংকে সারাদেশে ছড়িয়ে দেয়ার জন্য ৬৪টি জেলা থেকে সেরা ৬৪ জন ফ্রিল্যান্সার তথা আইটি উদ্যোক্তাকে এ অ্যাওয়ার্ড দেয়া হবে। এ ছাড়া ৬টি ভিন্ন ভিন্ন ক্যাটাগরিতে (ওয়েব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট, এসইও ও অনলাইন মার্কেটিং, ওয়েব ডিজাইন, গ্রাফিক্স ডিজাইন, অনলাইন ব্লগিং, মোবাইল অ্যাপ্লিকেশন) তিনজন করে সর্বমোট ১৮ জনকে ব্যক্তিগত ক্যাটাগরিতে এবং তিনজনকে নারী ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড দেয়া হবে। প্রাতিষ্ঠানিক ক্যাটাগরিতে ১৫টি কোম্পানিকে আউটসোর্সিং খাতে বিশেষ অবদানের জন্য বেসিস আউটসোর্সিং অ্যাওয়ার্ড দেয়া হবে। যেকোনো আগ্রহী ব্যক্তি বেসিস ওয়েবসাইট থেকে নিবন্ধন করার মাধ্যমে এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। আগামী ১৪ ফেব্রুয়ারির মধ্যে প্রতিযোগীদের নিবন্ধন করতে হবে ◆

## প্রতিমন্ত্রীর জেলায় ফ্রিল্যান্সিং ইনস্টিটিউট

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ দায়িত্ব নেয়ার মাত্র তিন সপ্তাহেরও কম সময়ের মধ্যে নিজ জেলায় প্রকল্প নিতে যাচ্ছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। পলকের জেলা নাটোরে একটি ফ্রিল্যান্সিং ইনস্টিটিউট স্থাপনে বিশ্বব্যাংকের সহযোগিতা চেয়েছে মন্ত্রণালয়। এটি হবে দেশের প্রথম ফ্রিল্যান্সিং ইনস্টিটিউট। সম্প্রতি আইসিটি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে মন্ত্রণালয়ের সচিব নজরুল ইসলাম খান বিশ্বব্যাংকের প্রতিনিধি দলের কাছে এ বিষয়ে একটি প্রস্তাব উপস্থাপন করেন। প্রতিনিধি দলও এতে রাজি হয়েছে বলে জানায় মন্ত্রণালয় সূত্র। এর আগেও এ মন্ত্রণালয় থেকে দায়িত্বশীলদের এলাকায় প্রকল্প নেয়ার অনেক উদাহরণ রয়েছে। বৈঠকে বিশ্বব্যাংকের প্রতিনিধি দলের নেতৃত্ব দেন প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট সাপোর্ট প্রজেক্টের টিম লিডার মানজু হাতওয়া। তার সাথে ছিলেন নরমান মার্টিন, ড্যানিয়েলরা ললেনডি, শার্লিন হোথেন ও সিকে বিরেশ। আইসিটি মন্ত্রণালয়ের পক্ষে ছিলেন হাইটেক পার্কের এমডি হোসনে আরা বেগম, যুগ্ম-সচিব (প্রশাসন) সুশান্ত কুমার সাহা, সাপোর্ট টু হাইটেক পার্কের প্রকল্প পরিচালক আ ন ম শফিকুল ইসলাম ◆

## বইয়ের পরিবর্তে স্কুলে যাচ্ছে স্মার্ট ডিভাইস

*কমপিউটার জগৎ রিপোর্ট* ॥ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় ও সিম্ফনির যৌথ উদ্যোগে তৈরি হচ্ছে শিক্ষামূলক স্মার্ট ডিভাইস। এ ডিভাইসে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বইয়ের মাল্টিমিডিয়া সংস্করণ থাকবে। সম্প্রতি এ প্রকল্প বিষয়ক এক সভায় এই ডিভাইস তৈরির বিষয়টি চূড়ান্ত হয়। সভায় উপস্থিত ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচিব মো: নজরুল ইসলাম খান, সিম্ফনি মোবাইলের সেলস ডিরেক্টর রেজওয়ানুল হকসহ মন্ত্রণালয় ও সিম্ফনির ঊর্ধ্বতন কর্মকর্তারা। খুব শিগগিরই দেশের স্কুলের শিক্ষার্থীরা কাঁধে বিশাল বইয়ের ব্যাগের পরিবর্তে ক্লাসরুমে প্রবেশ করবে বিশেষ ধরনের শিক্ষামূলক এ স্মার্ট ডিভাইস নিয়ে। নজরুল ইসলাম খান জানান, প্রচলিত কাগজের বইয়ের অনেক সীমাবদ্ধতা থেকে মুক্তি মিলবে এই শিক্ষামূলক ডিভাইস পেলে। ডিভাইসে বইয়ের ছবিগুলো অ্যানিমেটেড হওয়ায় এবং শব্দ সুবিধা থাকায় এটি শিক্ষা গ্রহণে ছাত্রছাত্রীদের আগ্রহ এবং আনন্দ বাড়িয়ে দেবে বহুগুণ। সিম্ফনি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের যৌথ উদ্যোগের এই প্রকল্পটিতে কনটেন্ট অংশীদার হিসেবে থাকছে স্মার্ট স্টার্ট ◆

## দেশে সাইবার অপরাধ বাড়ছে

সাইবার অপরাধের সাথে দেশের যুবসমাজ বেশি সম্পৃক্ত। ইন্টারনেট ব্যবহারকারীর বেশিরভাগ যুবক হওয়ায় অপরাধীরা এদের দিয়ে সাইবার অপরাধ করাচ্ছে। সম্প্রতি রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ইনসাইট বাংলাদেশ ফাউন্ডেশন আয়োজিত 'সাইবার ক্রাইম এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের প্রয়োগ' শীর্ষক কর্মশালায় এ কথা বলেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার বেনজীর আহমেদ। বর্তমানে দেশে সাইবার অপরাধ বেড়ে গেছে উল্লেখ করে পুলিশ কমিশনার বলেন, ইন্টারনেট ব্যবহার করে পুলিশের ডিউটি অফিসার থেকে শুরু করে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাদেরও হুমকি দিচ্ছে অপরাধীরা। এ ক্ষেত্রে দেশের বাইরে থেকেও হুমকি এসেছে। এ ছাড়া ইন্টারনেট ব্যবহার করে ব্যাংক অ্যাকাউন্ট হ্যাক হওয়ার ঘটনাও ঘটেছে। দেশে সাড়ে ৩ কোটি মানুষ ইন্টারনেট ব্যবহার করেন। এর মধ্যে প্রায় ৩৩ লাখ ফেসবুক ব্যবহার করছেন। সাইবার অপরাধ নিয়ন্ত্রণে পুলিশকে উন্নততর প্রযুক্তির বিষয়ে প্রশিক্ষণ দেয়াটা জরুরি হয়ে পড়েছে ◆

## ফেসবুকের নতুন অ্যাপ পেপার

জনপ্রিয় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুক এখন অ্যাপস তৈরিতে মনোযোগ দিচ্ছে। সম্প্রতি ফেসবুকের প্রতিষ্ঠাতা মার্ক জুকারবার্গ স্মার্টফোনের জন্য উন্নতমানের অ্যাপস তৈরির ঘোষণার একদিনের মধ্যে 'পেপার' নামে একটি অ্যাপ্লিকেশন উন্মুক্ত করার কথা জানান। অ্যাপটিতে নিউজফিডের নিউজগুলো বিভিন্ন ক্যাটাগরিতে বিভক্ত করে সংবাদপত্রের আকারে দেখা যাবে। এ ছাড়া অ্যাপটিতে থাকছে বিভিন্ন বিভাগ। টেক, পপ, কালচারসহ ১৯টি বিভাগ ও নিউজফিড নামে একটি বিশেষ বিভাগ থাকবে। সেখানে ফেসবুকের সব আপডেট দেখা যাবে। অ্যাপটির বিভাগগুলো আলাদাভাবে সাবস্ক্রাইব করা যাবে। ফেসবুকের নিউজফিড দেখার পাশাপাশি অ্যাপটির সাহায্যে স্ট্যাটাসও দেয়া যাবে। একই সাথে পেপার ইন্টারফেসে পোস্টটি দেখতে কেমন লাগবে তার প্রিভিউও দেখা যাবে ◆


## রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ পারফরম্যান্স টিউনিং কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## দ্রুতগতির ইন্টারনেটের নতুন রেকর্ড

সব রেকর্ড ভঙ্গ করে এবার ১.৪ টেরাবাইট গতির ইন্টারনেট পরীক্ষায় সফল হয়েছেন যুক্তরাজ্যের বিজ্ঞানীরা। এ গতিতে মুহূর্তেই ৪৪টি হাই ডেফিনেশন সিনেমা দেয়া-নেয়া করা যাবে। লন্ডনে বহুল ব্যবহৃত ফাইবার নেটওয়ার্কে এই দ্রুতগতির ব্রডব্যান্ড সংযোগ পরীক্ষা চালানো হয়। পরীক্ষা চালান ব্রিটিশ টেলিকম (বিটি) এবং আন্তর্জাতিক টেলিকমিউনিকেশন পণ্য নির্মাতা অ্যালকাটেল-লুসেন্টের বিজ্ঞানীরা। গত অক্টোবর ও নভেম্বরে লন্ডনের বিটি টাওয়ার থেকে ৪১০ কিলোমিটার দূরের ইপসউইচে এ পরীক্ষা চালান তারা। বিটি ও অ্যালকাটেল-লুসেন্টের এ সাফল্যে বিশ্বব্যাপী ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠান বা ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের (আইএসপি) ওপর সবচেয়ে বড় ইতিবাচক প্রভাব পড়বে। বর্তমান নেটওয়ার্ক ব্যবহার করে প্রায় আপগ্রেড ছাড়াই মুহূর্তেই অসংখ্য ডাটা পাঠানো যাবে বলে জানানো হয়েছে ◆

## নৌ, আকাশ ও রেলে উচ্চগতির ইন্টারনেট!




যুক্তরাজ্যের নৌ, আকাশ ও রেলপথের যাত্রীরা এখন থেকে দ্রুতগতির ব্রডব্যান্ড ইন্টারনেট পাবেন। ব্রিটিশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ অধিদফতর (অফকম) নতুন এক স্যাটেলাইটের অনুমোদন দিয়েছে। এতে ভ্রমণকারীরা ইন্টারনেট ব্যবহারের সুযোগ পাবেন। এসব যানে এক ধরনের সিগন্যাল রিসিভার বসানো হবে। পৃথিবীর কক্ষপথে ঘুরতে থাকা স্যাটেলাইট থেকে রিসিভারগুলো তথ্য সংগ্রহ করবে। সংশ্লিষ্টরা আশা করছেন, প্রতিটি রিসিভার বা আর্থ স্টেশন ৫০ এমবিপিএস গতির ইন্টারনেট পাবে। প্রত্যেক যাত্রী গড়ে ১০ এমবিপিএস গতিতে তা ব্যবহার করতে পারবেন। তবে সমালোচকরা বলছেন, জনপরিবহন ব্যবস্থায় এ সুবিধা দেয়ার আগে ঘরোয়া ইন্টারনেটের গতি বাড়ানোর জন্য উদ্যোগ নেয়া উচিত ছিল অফকমের ◆

## আইটিআইএল ২০১১ ফাউন্ডেশন ট্রেনিং ও এক্সামে শতভাগ সাফল্য



আইবিসিএস-প্রাইমেক্সে গত ২৩-২৮ ডিসেম্বর সার্টিফাইড আইটিআইএল এক্সপার্ট ইন্ডিয়া প্রশিক্ষক মহেশ পান্ডের অধীনে ITIL 2011 Foundation ট্রেনিং ও এক্সাম অনুষ্ঠিত হয়েছে। ২৯ জন প্রফেশনাল প্রশিক্ষণার্থীর সমন্বয়ে দু'টি ব্যাচ সফলভাবে শেষ করে অনলাইন পরীক্ষায় অংশ নেয় এবং প্রত্যেকে ITIL 2011 Foundation সার্টিফিকেট অর্জন করে। চলতি মাসে আইটিআইএল ৬ষ্ঠ ব্যাচটি অনুষ্ঠিত হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## উইন্ডোজ স্টোরে যোগ হলো বাংলাদেশী শিক্ষার্থীদের ২৬১ অ্যাপ




উইন্ডোজ অপারেটিংয়ে মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে সর্বোচ্চ অ্যাপস ডেভেলপকারী শিক্ষার্থীদের পুরস্কৃত করেছে সফটওয়্যার জায়ান্ট মাইক্রোসফট। ঢাকায় বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অ্যাপ তৈরির প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রমের আওতায় ক্যাম্পাস অ্যাপাথন প্রতিযোগিতায় বিজয়ী ৯ শিক্ষার্থীকে নোকিয়া লুমিয়া উপহার দেয় মাইক্রোসফট বাংলাদেশ। একদিনের অ্যাপ তৈরির এ প্রতিযোগিতায় তিনটি বিশ্ববিদ্যালয় থেকে মোট ২৬১টি উইন্ডোজ ফোন ও উইন্ডোজ ৮ অ্যাপস স্টোরে জমা হয়েছে। প্রতিযোগিতায় মোট ৫৮৩টি অ্যাপ্লিকেশন পাওয়া যায়। এর মধ্যে ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি থেকে ৪৫টি, নর্থসাউথ থেকে ২৯টি ও আহসান উল্লাহ বিশ্ববিদ্যালয় থেকে ৩৯টি অ্যাপস জমা পড়ে। প্রথম পুরস্কার বিজয়ী নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের সৈয়দ মনওয়ার ইসলাম মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে বাংলাভাষায় সর্বোচ্চ ১১টি অ্যাপস উন্নয়ন করেন। বিশ্ববিদ্যালয়ভিত্তিক প্রতিযোগিতায় এ বিশ্ববিদ্যালয় থেকে ৯টি করে অ্যাপস তৈরি করে শরিফুল ইসলাম নিরব দ্বিতীয় ও মুরাদ চৌধুরী তৃতীয় স্থান অধিকার করেন ◆

## আগামী বছর গুগল নেক্সাসের বিদায়ঘণ্টা

ইন্টারনেট জায়ান্ট গুগলের নেক্সাস ডিভাইসটি ইতোমধ্যে বেশ জনপ্রিয়তা পেয়েছে। বিশেষ করে স্বল্প দামে বেশি ফিচারসমৃদ্ধ হওয়ায় অনেক ব্যবহারকারীর পছন্দের তালিকায় রয়েছে অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেমের এ ডিভাইস। তবে এটি নিয়ে আর এগোতে চায় না টেক জায়ান্টটি। গুগল জানায়, আগামী বছর বন্ধ করে দেয়া হবে নেক্সাস। এ ব্র্যান্ডের নাম পরিবর্তন করে গুগল প্লে সংস্করণ নামে নতুন ডিভাইস বাজারে আনা হতে পারে। তবে শেষ পর্যন্ত প্লে নামটিরও বদল হতে পারে। দ্রুত আপডেটের কারণে নেক্সাস ডিভাইসটি ব্যবহারকারীদের পছন্দের তালিকায় ওপরের দিকেই ছিল। আগামী বছর এটি বন্ধ করার কথা জানালেও গুগল চলতি বছরে বাজারে ছাড়তে পারে নেক্সাসের আট ইঞ্চির ট্যাব। বর্তমানে বাজারে রয়েছে অ্যান্ড্রয়িড অপারেটিং সিস্টেমের কিটক্যাটচালিত পাঁচ ইঞ্চির নেক্সাস ৫ ◆

## দেশে ক্যাসপারস্কি স্মল অফিস সিকিউরিটি অবমুক্ত



ক্যাসপারস্কি ল্যাব সর্বশেষ সংস্করণের 'ক্যাসপারস্কি স্মল অফিস সিকিউরিটি' বাংলাদেশে অবমুক্ত করেছে। ৫ থেকে ১০টি ওয়ার্কস্টেশনসহ একটি ইউন্ডোজ সার্ভার রয়েছে এমন অফিসের কমপিউটার সিস্টেমের জন্য সিকিউরিটি সফটওয়্যার নিরাপত্তা প্রদান করে। সফটওয়্যারটি পরিচালনা করতে তথ্যপ্রযুক্তিতে অতিরিক্ত দক্ষতার প্রয়োজন পড়ে না এবং যেকোনো একটি পিসি থেকেই পরিচালনা করা যায় বলে জানান সংশ্লিষ্টরা। এ নতুন সংস্করণটি অ্যান্ড্রয়িড স্মার্টফোন ও ট্যাবলেটের জন্যও নিরাপত্তা দেবে ◆

## প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রজেক্ট ম্যানেজমেন্ট প্রফেশনাল (পিএমপি) কোর্সে ভর্তি চলছে। সার্টিফায়েড প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। ফেব্রুয়ারি মাসে ক্লাস শুরু। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## মজিলা বাংলাদেশ টাস্কফোর্স গঠিত

মজিলা ফাউন্ডেশনের বাংলাদেশ শাখা মজিলা বাংলাদেশের বিশেষ টাস্কফোর্স গঠিত হয়েছে। সম্প্রতি আনুষ্ঠানিকভাবে নির্বাচিত টাস্কফোর্স সদস্যদের নাম ঘোষণা করা হয়। মূলত মজিলা বাংলাদেশের কর্মকাণ্ড আরও সুসংহত করতে ও লাখো মজিলা স্বেচ্ছাসেবক (মজিলিয়ান) গড়ার লক্ষ্যে এ টাস্কফোর্স গঠন করা হয়। এ টাস্কফোর্সের নেতৃত্বে চলতি বছরে নানা কার্যক্রম পরিচালিত হবে। টাস্কফোর্স গঠনের বিষয়ে মজিলা বাংলাদেশের কমিউনিটি লিড মাহে আলম খান জানান, গত এক বছরে মজিলা বাংলাদেশের স্বেচ্ছাসেবীর সংখ্যা বেড়েছে প্রায় দশগুণ। এ ছাড়া বর্তমানে মজিলা বাংলাদেশের অফিসিয়াল ফেসবুকে গ্রুপে তিন হাজার, পেজে এক হাজার ৫শ' ও টুইটারে এক হাজার ৭শ'র বেশি সদস্য সক্রিয় আছেন ◆

## অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে অ্যান্ড্রয়িড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৮০ ঘণ্টার এ কোর্সটি বাস্তবভিত্তিক অভিজ্ঞতাসম্পন্ন একজন সফল প্রশিক্ষক পরিচালনা করবেন। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## যাত্রা শুরু করেছে হটঅফারবিডি ডট কম

এ বছরের শুরুতে যাত্রা করেছে HotOfferBD.com অনলাইন শপ। এখানে পাওয়া। যাবে সব ধরনের পেনড্রাইভ, মেমরি



কার্ড, হেডফোন, আকর্ষণীয় টি-শার্ট, পছন্দের মানুষটিকে দেয়ার মতো গিফট, ছোটমণিদের প্রিয় খেলনাসহ অনেক কিছু। নিজের পছন্দের পণ্যটি কম দামে পেতে ভিজিট করুন www.HotOfferBD.com ◆

## দেশে এওসি মনিটরে ব্যাপক সাড়া



দেশে প্রথমবারের মতো এওসি ব্র্যান্ডের মনিটর এনে অভূতপূর্ব সাড়া পেয়েছে গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল। উন্মোচনের প্রথম সপ্তাহেই ১৬ ইঞ্চি, ১৯ ইঞ্চি, ২০ ইঞ্চি, ২২ ইঞ্চি ও ২২ ইঞ্চি স্পেশাল- এ পাঁচটি মডেলের সব মনিটরই বিক্রি হয়ে যায়। তুলনামূলকভাবে অন্যান্য ব্র্যান্ডের চেয়ে দাম কম হওয়ায় চাহিদা বেশি বলে জানান সংশ্লিষ্টরা। শিগগিরই আরও কয়েকটি নতুন মডেল বাজারে আসছে। সরবরাহ ও বিক্রয়োত্তর সেবার ধারবাহিকতায় সামনে এগিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেছে গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল কর্তৃপক্ষ। যোগাযোগ : ৯৬১৪০৩১, ৯৬১৪০৩২, ৯৬৬১৬১৩ ◆

## এসইও প্রশিক্ষণে বিশেষ ছাড়

ফ্রিল্যান্সিং কাজের চাহিদার ভিত্তিতে আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন প্রশিক্ষণে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## মটোরোলাকে বিক্রি করে দিচ্ছে গুগল


কেনার মাত্র দুই বছরের মধ্যে মটোরোলা মবিলিটিকে লেনোভোর কাছে বিক্রি করে দিচ্ছে গুগল। শীর্ষস্থানীয় চীনা কমপিউটার প্রস্তুতকারক প্রতিষ্ঠান লেনোভোকে এ জন্য ব্যয় করতে হচ্ছে ২ দশমিক ৯১ বিলিয়ন ডলার। যদিও ২০১২ সালে সাড়ে ১২ বিলিয়ন ডলারে মটোরোলা কিনেছিল গুগল। অনেকটা হঠাৎ করে টেক জায়ান্ট গুগলের এ বিক্রির সিদ্ধান্তে অনেকে বিস্ময় প্রকাশ করেছেন। এক সপ্তাহের মধ্যে লেনোভোর এটি দ্বিতীয় বড় ধরনের অধিগ্রহণ। মটোরোলা মবিলিটি কেনার আগে আইবিএম থেকে সার্ভার ব্যবসা কিনেছে লেনোভো। লেনেভোর কাছে বিক্রি করে দিলেও অ্যান্ড্রয়িডসহ মটোরোলার অধিকাংশ পেটেন্টের মালিক থাকবে গুগল ◆

## দেশে এওসি মনিটর এনেছে গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল



গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল বাংলাদেশের বাজারে নিয়ে এসেছে আন্তর্জাতিক র‌্যাঙ্কিংয়ে শীর্ষস্থানীয় এওসি মনিটর। এলইডি ডিসপ্লে, হাই রেজ্যুলেশন (১৯২০ বাই ১০৮০), হাই কন্ট্রাস্ট রেশিও, বিদ্যুৎসাশ্রয়ী প্রযুক্তি (৫ ওয়াট-২০ ওয়াট), দ্রুতগতির, পরিবেশবান্ধব, ভিজিএ, ইউএসবি, এইচএমএল-এইচডিএমআই, এইচডিএমআই, ডিপি পোর্ট, বিল্ট ইন স্পিকার, স্ট্রিম, স্টাইলিশ এই মনিটরগুলোর সাথে থাকছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ৯৬১৪০৩১, ৯৬১৪০৩২, ৯৬৬১৬১৩ ◆

## গ্রাফিক্স কাজের স্যামসাং ল্যাপটপ



গ্রাফিক্স কাজের উপযোগী সাশ্রয়ী দামের নোটবুক স্যামসাং এনপি৪৫০আর৪ভি-এক্স০২বিডি। ছিপছিপে গড়নের নোটবুকটিতে আছে ২ জিবি ডিডিআর থ্রি অপ্টিমাস গ্রাফিক্স মেমরিসহ এনভিডিয়া জিফোর্স ৭১০এম গ্রাফিক্স কার্ড। কোরআই৩ প্রসেসরনির্ভর ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার নোটবুকটিতে আলোক প্রতিফলন হয় না। এর তথ্য ধারণক্ষমতা ৫০০ জিবি। রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, গিগাবিট ইথারনেট ১০/১০০/১০০০, ভিজিএ, এইচডিএমআই, ইউএসবি৩ পোর্ট, ব্লু-টুথ ভি-৪.০ ও ৭২০পি এইচডি ওয়েবক্যাম। এর কিবোর্ডের বাটনগুলো অনেকটা পাহাড়ের মতো ঢালু। গাঢ় ছাই রংয়ের এ নোটবুকটির সাথে এক বছরের বিক্রয়োত্তর সেবার পাশাপাশি ক্যারিকেস উপহার দিচ্ছে স্থানীয় পরিবেশক কমপিউটার সোর্স। দাম ৪৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৩৯৯১৬০৯ ◆

## আসুসের পাজল গেম প্রতিযোগিতার পুরস্কার বিতরণী

গত ১২ জানুয়ারি গ্লোবাল ব্র্যান্ড (প্রাঃ) লিমিটেডের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে ‘আসুস পাজল কনটেস্ট’ প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান। ফেসবুকভিত্তিক অনলাইন এই প্রতিযোগিতা মাসব্যাপী অনুষ্ঠিত হয়। এতে প্রথম ১৪ দিন প্রতিদিনের সর্বোচ্চ স্কোরধারী প্রত্যেক প্রতিযোগীকে দেয়া হয় একটি করে মোবাইল ফোন। এই ১৪ জন প্রতিযোগী থেকে পরবর্তী ১৬ দিন প্রতিযোগিতায় অংশ নিয়ে সর্বোচ্চ স্কোরধারী পান আসুস ফোনপ্যাড ট্যাবলেট পিসি। জ্যাকপট পুরস্কার আসুস ফোনপ্যাড বিজয়ী হন ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির বিবিএ অনুষদের ছাত্র ইমরান হোসেন। তার হাতে পুরস্কার তুলে দেন গ্লোবাল ব্র্যান্ডের ব্যবস্থাপনা পরিচালক রফিকুল আনোয়ার। অন্য বিজয়ীদের হাতে মোবাইল ফোন পুরস্কার তুলে দেন আসুস বাংলাদেশের কান্ট্রি প্রোডাক্ট ম্যানেজার মোহাম্মদ আল ফুয়াদ, আসুসের ন্যাশনাল সেলস ম্যানেজার জিয়াউর রহমান ও গ্লোবাল ব্র্যান্ডের বিভিন্ন কর্মকর্তা-কর্মচারী ◆



*বিজয়ীর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন গ্লোবাল ব্র্যান্ডের এমডি রফিকুল আনোয়ার*

## অ্যাভিরা রোড শো অনুষ্ঠিত




ঢাকার এলিফ্যান্ট রোডের মাল্টিপ্ল্যান সেন্টারে গত ২০ থেকে ২৭ জানুয়ারি অনুষ্ঠিত হয় অ্যাভিরা অ্যান্টিভাইরাসের রোড শো। স্মার্ট টেকনোলজিসের উদ্যোগে আয়োজিত এ রোড শো’তে বিশেষ ডিসকাউন্টে ইন্টারনেট সিকিউরিটি ক্রয় করার পাশাপাশি বিভিন্ন ধরনের উপহার পান ক্রেতারা। প্রতিটি ইন্টারনেট সিকিউরিটির সাথেই উপহার হিসেবে পান একটি ওয়্যারলেস মাউস ও একটি কফি মগ কিংবা একটি হেডফোন ও একটি কফি মগ। পাশাপাশি ছিল ২০০ টাকা নগদ ডিসকাউন্ট ও একটি র‌্যাফেল ড্র কুপন। যার মাধ্যমে ভাগ্যবান বিজয়ী পান একটি স্যামসাং ডিজিটাল ক্যামেরা ◆

## এডেটার নতুন সলিড স্টেট ড্রাইভ



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এডেটা ব্র্যান্ডের এসপি৯০০ মডেলের নতুন সলিড স্টেট ড্রাইভ। অত্যাধুনিক এ হার্ডডিস্কটিতে ব্যবহার হয়েছে মাল্টি-লেভেল সেল ন্যান্ড ফ্ল্যাশ মেমরি চিপ ও উন্নতমানের ফার্মওয়্যার। হার্ডডিস্কটি সাটা ৬ গিগাবাইট/সেকেন্ড ইন্টারফেসের ও এটি রেইড সাপোর্ট করে, যার সর্বোচ্চ ডাটা রিড ও রাইটের গতি যথাক্রমে ৩৬০ মেগাবাইট/সেকেন্ড এবং ১৩০ মেগাবাইট/সেকেন্ড। বর্তমানে ৬৪ জিবি, ১২৮ জিবি এবং ২৫৬ জিবি ডাটা ধারণক্ষম সলিড স্টেট ড্রাইভগুলোর দাম যথাক্রমে ৬ হাজার ৫০০ টাকা, ১১ হাজার ৫০০ টাকা ও ২০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯০৪ ◆

## আইবিসিএস-প্রাইমেক্স এবং টেকনোহেভেনের মধ্যে প্রীতি ক্রিকেট ম্যাচ

গত ২৪ জানুয়ারি আইবিসিএস-প্রাইমেক্স এবং টেকনোহেভেনের মধ্যে এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। ম্যাচে আইবিসিএস-প্রাইমেক্স ৩৭ রানে টেকনোহেভেনকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। প্রীতি ম্যাচে আইবিসিএস-প্রাইমেক্সের পরিচালক এ তৌহিদ ও শেখ কবির আহমেদ এবং টেকনোহেভেনের এমডি হাবিবুল্লাহ এম করিম পুরস্কার বিতরণ করেন। আইবিসিএস-প্রাইমেক্সের পক্ষে দলের অধিনায়ক মারুফ-আল-মামুন চ্যাম্পিয়ন ট্রফিটি গ্রহণ করেন। প্রীতি ম্যাচের সার্বিক দায়িত্বে ছিলেন আইবিসিএস-প্রাইমেক্সের হেড অব এইচ আর এসএম সাজ্জাদ হোসেন ◆



## ওয়েবকোড ইনস্টিটিউটের যাত্রা শুরু

ওয়েবপ্রযুক্তি দক্ষতাসম্পন্ন মানবসম্পদ তৈরির লক্ষ্যে দেশের অন্যতম প্রযুক্তি প্রতিষ্ঠান ওয়েবকোড চালু করেছে ‘ওয়েবকোড ইনস্টিটিউট’। গত ১ ফেব্রুয়ারি রাজধানীর ফকিরাপুলের শতাব্দী সেন্টারে আনুষ্ঠানিকভাবে এ প্রশিক্ষণ ইনস্টিটিউটের যাত্রা শুরু হয়। অনুষ্ঠানে ওয়েবকোডের প্রধান নির্বাহী আমিনুর ইসলাম জানান, ওয়েবকোডের যাত্রা শুরু হয়েছিল কিছু সেবা নিয়ে। কিন্তু এতে দক্ষতাকে কাজে লাগানো গেলেও দক্ষ জনবল তৈরি করা যায় না। তাই দেশের তথ্যপ্রযুক্তি সেক্টরে দক্ষ একঝাঁক তরুণের মাধ্যমে প্রফেশনাল প্রশিক্ষণ দেয়ার জন্যই ওয়েবকোড ইনস্টিটিউট চালু করা হয়েছে। প্রতিটি প্রশিক্ষণেই শারীরিকভাবে অক্ষম (প্রতিবন্ধী) দুইজনকে বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হবে। ১৫ ফেব্রুয়ারি থেকে ওয়েবকোড ইনস্টিটিউটের প্রথম পর্বের প্রশিক্ষণ শুরু হচ্ছে ◆

## ১ টেরাবাইটের ডেল ল্যাপটপ



১ টেরাবাইট তথ্য সংরক্ষণের সুবিধা নিয়ে ১৪ ইঞ্চি প্রশস্ত পর্দার ডেল ইন্সপায়রন এন৩৪৩৭ ল্যাপটপ এনেছে কমপিউটার সোর্স। চতুর্থ প্রজন্মের কোরআই৫ প্রসেসর সমন্বিত ল্যাপটপটিতে রয়েছে ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ইন্টেল এইচডি ৪৪০০ গ্রাফিক্স এবং ৮ সিরিজের এক্সপ্রেস চিপসেট। ছাই-কালো এবং রক্তিম-লাল বর্ণের দৃষ্টিনন্দন এই ল্যাপটপটির ওজন দুই কেজির কম। ল্যাপটপটিতে এইচডিএমআই, আরজে-৪৫ এবং দুটি ইউএসবি ৩ ও একটি ইউএসবি ২ পোর্ট, মাল্টিমিডিয়া কার্ড রিডার ও বিল্টইন ব্লুটুথ ৪সহ রয়েছে বহনযোগ্য পিসির হালনাগাদ সব সুবিধা। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ ৫০ হাজার ৬০০ টাকা দামের ডেল ইন্সপায়রন এন৩৪৩৭ মডেলের ল্যাপটপের সাথে একটি ক্যারিকেস ফ্রি দিচ্ছে কমপিউটার সোর্স। যোগাযোগ : ০১৭৩০৩৪১৫২৩

## টুইনমস স্মার্টফোনে শীতকালীন অফার



টুইনমস স্মার্টফোনে বিশেষ শীতকালীন অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। কোয়ার্ড কোর ১.২ গিগাহার্জসম্পন্ন এই স্মার্টফোনের ফিচারগুলোর মধ্যে রয়েছে অ্যান্ড্রয়িড ৪.২ জেলিবিন অপারেটিং সিস্টেম, ডুয়াল ব্যাটারি, ৫ ইঞ্চি হাই ডেফিনিশন ডিসপ্লে, ১ গিগাবাইট র‌্যাম, ৪ গিগাবাইট মেমরি, ৮ মেগাপিক্সেল ব্যাক ক্যামেরা, ৩ মেগাপিক্সেল ফ্রন্ট ক্যামেরা, ফ্ল্যাশ লাইট, জি সেন্সর, ম্যাগনেটিক সেন্সর, মাইক্রো ইউএসবি পোর্ট, এফএম রেডিও, থ্রিজি ভিডিও কল সুবিধা, ভয়েস রেকর্ডার, ব্লুটুথ এবং ওয়াইফাই সুবিধা। ৯.৮ মিলিমিটার স্লিম ও লিথিয়াম ব্যাটারির (১৭০০ এমএএইচ) চার্জ শেষ হয়ে গেলেও ভেতরের ইন্টারনাল লি-পলিমার (১১০০ এমএএইচ) ব্যাটারি সুবিধার স্মার্টফোনটির দাম ১৭ হাজার ৯০০ থেকে কমিয়ে ১৬ হাজার ৯০০ টাকা করা হয়েছে। যোগাযোগ : ০১৭৩০৩৫৪৮০৫

## বিনামূল্যের ভয়েস কল সুবিধা আনছে ব্ল্যাকবেরি

স্মার্টফোন নির্মাতা ব্ল্যাকবেরি তার মেসেঞ্জার অ্যাপের মাধ্যমে বিনামূল্যে ভয়েস কল করার সুবিধা আনছে। আগামী মাসেই ব্ল্যাকবেরি মেসেঞ্জারের (বিবিএম) একটি আপডেটের মাধ্যমে এ সুবিধা চালু করবে। ব্ল্যাকবেরির এশিয়া প্যাসিফিক চ্যানেল মার্কেটিংয়ের সিনিয়র ডিরেক্টর কৃষ্ণদীপ বড়ুয়া জানান, কয়েক সপ্তাহের মধ্যেই এই আপডেট আসবে। এটি অনেকটা ভাইবার, লাইন এবং হোয়াটসঅ্যাপের মতোই কাজ করবে, যেটি বিনামূল্যে কল করা ও অডিও পাঠানোর সুবিধা দেয়

## ব্রাদারের কর্পোরেট সেমিনার ও পণ্য পরিচিতি

গত ২৭ জানুয়ারি গ্লোবাল ব্র্যান্ড (প্রা:) লিমিটেডের আয়োজনে ঢাকায় অনুষ্ঠিত হয়েছে 'ব্রাদার কর্পোরেট সেমিনার ২০১৪' শীর্ষক অনুষ্ঠান। ব্রাদার প্রিন্টার ব্যবহারকারী বিভিন্ন কর্পোরেট গ্লোবাল ব্র্যান্ডের চেয়ারম্যান আবদুল ফাত্তাহ, ব্যবস্থাপনা পরিচালক রফিকুল আনোয়ার, পরিচালক জসিম উদ্দিন খন্দকার, ব্রাদারের পণ্য ব্যবস্থাপক গোলাম সারোয়ার প্রমুখ। কর্পোরেট সেমিনারের




*সেমিনারে উপস্থিত অমিত আলী, সৈচি মুরাকামি, আবদুল ফাত্তাহ, রফিকুল আনোয়ার, জসিম উদ্দিন খন্দকার*

প্রতিষ্ঠানের প্রতিনিধি এতে অংশ নেন। আয়োজকদের মধ্যে উপস্থিত ছিলেন ব্রাদার ইন্টারন্যাশনাল (গালফ)-এর ব্যবস্থাপনা পরিচালক সৈচি মুরাকামি, উপ-মহাব্যবস্থাপক অমিত আলী, আগে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বাংলাদেশের আইটি মার্কেটে ব্রাদারের তিনটি নতুন মডেলের মনোক্রম লেজার প্রিন্টার ও তিনটি ভিন্ন মডেলের গৃহস্থালি সেলাই মেশিন অবমুক্ত করা হয়

## রেডহ্যাট ভার্চুয়ালাইজেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্সের ভার্চুয়ালাইজেশন কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার এ প্রশিক্ষণে অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে প্রশিক্ষণ দেয়া হবে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## ইন্টার‌্যাক্টিভ শিক্ষা কার্যক্রম নিয়ে 'ভুঁইয়া স্কুল অব এক্সিলেন্স'

গতানুগতিক শিক্ষার পরিবর্তে সম্পূর্ণ তথ্যপ্রযুক্তিনির্ভর ইন্টার‌্যাক্টিভ শিক্ষা কার্যক্রম প্রদানের লক্ষ্য নিয়ে রাজধানীর ধানমণ্ডিতে চালু হয়েছে 'ভুঁইয়া স্কুল অব এক্সিলেন্স'। যোগ্যতাসম্পন্ন, প্রশিক্ষিত ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর তত্ত্বাবধানে ইন্টার‌্যাক্টিভ মাল্টিমিডিয়া পোর্টাল, ইন্টার‌্যাক্টিভ হোয়াইট বোর্ড, স্মার্ট ক্লাসরুমে প্লে গ্রুপ থেকে ও-লেভেলে আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষাদান করা হবে বলে জানান সংশ্লিষ্টরা। স্কুলের প্রিন্সিপাল একেএম আজাদ বলেন, প্রতিটি শিক্ষার্থীকে আলাদা আলাদা কমপিউটারের মাধ্যমে হাইটেক ল্যাবে ক্লাস পরিচালনা করা হবে। যোগাযোগ : বাড়ি-৮৯/এ, রোড-৮/এ, ধানমণ্ডি, ঢাকা। মোবাইল : ০১৮৪১৪১৪১৭০

## জেন্ড পিএইচপি-৫.৩ কোর্সে ভর্তি

পিএইচপি-৫.৩ জেন্ড সার্টিফিকেশন কোর্সের প্রশিক্ষণ দিচ্ছে আইবিসিএস-প্রাইমেক্স। কোর্স সমাপ্তির পর জেন্ড সার্টিফায়েড ইঞ্জিনিয়ার সনদের জন্য অনলাইন পরীক্ষায় অংশ নিতে হয়। রয়েছে ২০ শতাংশ ছাড়। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭

## লজিটেক পণ্যে ৪৩ শতাংশ নগদ ছাড়

তারহীন প্রযুক্তির লজিটেক ডিভাইসে গ্রাহক পর্যায়ে সর্বোচ্চ ৪৩ শতাংশ নগদ মূল্যছাড় ঘোষণা করেছে এর স্থানীয় পরিবেশক কমপিউটার সোর্স। লজিটেকের নির্দিষ্ট কয়েকটি মডেলের ওয়্যারলেস কিবোর্ড, মাউস এবং ওয়েবক্যাম স্টক থাকা পর্যন্ত কমপিউটার সোর্সের রিটেইল আউটলেট থেকে এ অফার গ্রহণ করা যাবে। অফারের আওতায় ওয়্যারলেস টাচ প্যাডের দাম ৬ হাজার থেকে কমিয়ে ৩ হাজার ৪০০ টাকা নির্ধারণ করা হয়েছে। এখন ১০ হাজার টাকা দামের আইপ্যাডের সবচেয়ে পাতলা কিবোর্ডের বর্তমান দাম ৬ হাজার টাকা। আর দাম কমানোর পর লজিটেক আল্ট্রাথিন মিনি কিবোর্ডের দাম পড়ছে ৪ হাজার ৬০০ টাকা এবং তারহীন প্রযুক্তির কে৪০০ মডেলের কিবোর্ড ২ হাজার ৭০০ টাকা। একই সাথে লজিটেক বি৯১০এইচডি ওয়েবক্যাম ৫ হাজার ও তারহীন মাউস লজিটেক এম৫২৫-এর দাম ২ হাজার ৫০০ টাকা

## সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে সার্টিফায়েড ইথিক্যাল হ্যাকার (সিইএইচ) সার্টিফিকেশন প্রশিক্ষণে শুক্রবারের ব্যাচে ভর্তি চলছে। ৪০ ঘণ্টার এ প্রশিক্ষণে নেটওয়ার্ক, সিস্টেম, ওয়েব, ভাইরাস, ফায়ারওয়াল, ওয়্যারলেস ওয়েব সার্ভার সিকিউরিটি ও পেনিট্রেশন টেস্টিং প্রশিক্ষণ দেয়া হবে। পরীক্ষায় অংশ নেয়ার জন্য ১০০ শতাংশ ডিসকাউন্ট ভাউচার ও প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮

## বইমেলায় প্রযুক্তি বিষয়ে হাছিবের দুটি বই



বইমেলায় তথ্যপ্রযুক্তি সাংবাদিক নুরুন্নবী চৌধুরী হাছিবের প্রযুক্তি বিষয়ে দুটি বই এসেছে। মোবাইল অ্যাপস ও কমপিউটারের টিপস নিয়ে এ দুটি বই বইমেলার পাশাপাশি অনলাইনে বই কেনার ওয়েবসাইট রকমারি ডটকমেও পাওয়া যাবে। বই দুটি সম্পর্কে নুরুন্নবী চৌধুরী হাছিব জানান, এর আগে বাংলা উইকিপিডিয়া ও মুক্ত সফটওয়্যার নিয়ে আমার দুটি বই প্রকাশিত হয়। সময়ের চাহিদা এখন স্মার্টফোনের দিকে। তাই স্মার্টফোনের জন্য নিত্যপ্রয়োজনীয় অ্যাপস নিয়ে একটি বই লিখেছি। এ ছাড়া কমপিউটার, ইন্টারনেট ব্যবহার করতে গেলে প্রতিনিয়ত যেসব সমস্যার সম্মুখীন হতে হয়ে তার সমাধান নিয়ে আরেকটি বই সম্পাদনা করে প্রকাশ করছি। আশা করছি নতুন ও অভিজ্ঞ উভয়েরই বই দুটি কাজে লাগবে। ঘরে বসেই রকমারি ডটকম থেকে অথবা ১৬২৯৭ নম্বরে ফোন করে বই দুটি কেনা যাবে ◆





## বাজারে তোশিবার নতুন ল্যাপটপ




*অনুষ্ঠানে স্মার্ট টেকনোলজিসের চেয়ারম্যান মোহাম্মদ মাজহারুল ইসলামসহ অন্যরা*

গত ২২ জানুয়ারি রাজধানীর একটি রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয় 'তোশিবা মিট দ্য প্রেস অ্যান্ড প্রোডাক্ট লঞ্চিং সিরিমনি'। অনুষ্ঠানে তোশিবার স্যাটেলাইট সি৪০-থার্ড জেনারেশন কোরআই৩, স্যাটেলাইট ইউ৯২০টি কোরআই৫ আল্ট্রাবুক, স্যাটেলাইট ইউ৮৪০ডব্লিউ কোরআই৫ সিনেমাটিক আল্ট্রাবুক এবং বিশ্বের সবচেয়ে হালকা আল্ট্রাবুক পোর্টিজি জেড৯৩০ বাংলাদেশের বাজারে আনুষ্ঠানিকভাবে উন্মুক্ত করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন স্মার্ট টেকনোলজিসের চেয়ারম্যান মোহাম্মদ মাজহারুল ইসলাম। এ ছাড়া বক্তব্য রাখেন স্মার্ট টেকনোলজিসের বিক্রয় মহাব্যবস্থাপক জাফর আহমেদ এবং ল্যাপটপ মার্কেটিং বিভাগের প্রধান মুজাহিদ আলবেরুনী সুজন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন তোশিবা পণ্য ব্যবস্থাপক রেজাউল করিম তুহিন। অনুষ্ঠানে তোশিবা ল্যাপটপের নতুন অফার ঘোষণা করেন স্মার্ট মহাব্যবস্থাপক জাফর আহমেদ। তিনি বলেন, স্থবির আইটি বাজারকে সচল করার উদ্দেশ্যে আমরা প্রতিটি মডেলের তোশিবা ল্যাপটপের সাথে একটি করে মোবাইল হ্যান্ডসেট উপহার দেয়ার সিদ্ধান্ত নিয়েছি ◆

## ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিংয়ে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স ও ইন্ডিয়ার জিটি এন্টারপ্রাইজের যৌথ উদ্যোগে ভিএমওয়্যার অথরাইজড ট্রেনিং চলতি মাসেই অনুষ্ঠিত হতে যাচ্ছে। ৪০ ঘণ্টার এ কোর্সটির দায়িত্বে থাকবেন ভিএমওয়্যার সার্টিফায়েডধারী অভিজ্ঞ প্রশিক্ষক। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## আসুসের চতুর্থ প্রজন্মের মাদারবোর্ড



আসুসের ভ্যানগার্ড বি৮৫ মডেলের উন্নত ডিজাইনের অত্যাধুনিক মাদারবোর্ড বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। দ্য আল্টিমেট ফোর্স সিরিজের এ মাদারবোর্ডটি ইন্টেল বি৮৫ চিপসেটের ও এতে ইন্টেল ১১৫০ সকেটের চতুর্থ প্রজন্মের কোরআই৭, কোরআই৫ ও কোরআই৩ প্রসেসর ব্যবহার করা যায়। এ ছাড়া মাদারবোর্ডটির উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো- ৩২ জিবি পর্যন্ত ডিডিআর৩ মেমরি সাপোর্ট, মাল্টি-জিপিইউ সাপোর্ট, বিল্ট-ইন গ্রাফিক্স, গিগাবিট ল্যান, ৮ চ্যানেল অডিও, ৬টি সাটা পোর্ট, ১৪টি ইউএসবি পোর্ট প্রভৃতি। দাম ৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## এএসপি ডটনেট ইউজিং সি কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেডে এএসপি ডটনেট ইউজিং সি ও এসকিউএল সার্ভার প্রশিক্ষণে ভর্তি চলছে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, এনটিটি ফ্রেমওয়ার্ক, ক্রিস্টাল রিপোর্ট শেখানো হবে। অভিজ্ঞ প্রশিক্ষক দিয়ে বাস্তবভিত্তিক প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## বাজারে এলজির নতুন এলইডি মনিটর




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে এলজি ব্র্যান্ডের ১৯ইএন৩৩এস মডেলের নতুন এলইডি মনিটর। সাড়ে ১৮ ইঞ্চির এলইডি প্যানেলের এ মনিটরটি ইপিইএটি গোল্ড সার্টিফায়েড, তাই পরিবেশবান্ধব ও বিদ্যুৎসাশ্রয়ী। চোখের জন্য আরামদায়ক এ মনিটরটির রেজ্যুলেশন ১৩৬৬ বাই ৭৬৮ পিক্সেল, ডায়নামিক কন্ট্রাস্ট রেশিও ৫০০০০০০:১, রেসপন্স টাইম ৩.৫ মিলি সেকেন্ড, ডিসপ্লে কালার ১৬.৭ মিলিয়ন, ভিউয়িং অ্যাঙ্গেল ৯০ ডিগ্রি/৬৫ ডিগ্রি, ডি-সাব ইনপুট কানেক্টর প্রভৃতি। দাম ৭ হাজার ৬০০ টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২ ◆

## বাজারে গিগাবাইটের সাশ্রয়ী দামের গ্রাফিক্সকার্ড



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের সাশ্রয়ী দামের গ্রাফিক্স কার্ড। জিভি-আর৫৪৫-১জিআই মডেলের এ গ্রাফিক্সকার্ডটিতে রয়েছে রেডিয়ন এইচডি চিপসেট, ৬৫০ মেগাহার্টজ কোর ক্লকস্পিড, ১০০০ মেগাহার্টজ মেমরি ক্লকস্পিড, ১ গিগাবাইট মেমরি, ৬৪ বিট মেমরি বাস, ২৫৬০ বাই ১৬০০ পিক্সেল ডিজিটাল রেজ্যুলেশন, ২০৪৮ বাই ১৫৩৬ পিক্সেল এনালগ রেজ্যুলেশন এবং আল্ট্রা কুলিং ফিচার। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩ হাজার ২০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮ ◆

## বাজারে অ্যাপাসার পাওয়ার ব্যাংক




চলতি পথে স্মার্টফোন, ট্যাবলেট, আইফোন ও আইপডসহ সব ধরনের মোবাইল ডিভাইস চার্জ দেয়ার জন্য দেশের বাজারে এসেছে দুটি পাওয়ার ব্যাংক। এর মধ্যে অ্যাপাসার বি১২০-এর ৬৬০০ ব্যাটারি ক্যাপাসিটি মিলি অ্যাম্পিয়ার এবং বি১১০-এর ব্যাটারি ক্যাপাসিটি ৪৪০০ মিলি অ্যাম্পিয়ার। দুটি পাওয়ার ব্যাংকেই রয়েছে ডুয়াল মাইক্রো ইউএসবি আউটপুট, এলইডি ইন্ডিকেটর, শর্টসার্কিট, ওভার ভোল্টেজ ইত্যাদি সমস্যা থেকে নিরাপদ রাখতে বহুমুখী নিরাপত্তা ব্যবস্থা। চকচকে সাদা রংয়ের পাওয়ার ব্যাংকগুলোর মধ্যে অ্যাপাসার বি১২০-এর দাম ১ হাজার ৭০০ এবং অ্যাপাসার বি১১০-এর দাম ১ হাজার ৩০০ টাকা। এলইডি টর্চ সুবিধাযুক্ত অ্যাপাসার পাওয়ার ব্যাংকের সাথে এক বছরের বিক্রয়োত্তর সেবা দিচ্ছে কমপিউটার সোর্স ◆

## জাভা ভেন্ডর সার্টিফিকেশন কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে জাভা প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ প্রশিক্ষণে ভর্তি চলছে। প্রশিক্ষণে কোর্সের অরিজিনাল স্টাডি মেটেরিয়াল, অনলাইন পরীক্ষার জন্য ২৫ শতাংশ ডিসকাউন্ট ভাউচার এবং কোর্স শেষে ওরাকল থেকে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## লেনোভোর কোরআই৩ মাল্টিমিডিয়া ল্যাপটপ




গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর জি৫১০ মডেলের মাল্টিমিডিয়া ল্যাপটপ। ১৫.৬ ইঞ্চির এ ল্যাপটপটি ২.৪ গিগাহার্টজ গতির তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসরে চালিত। গেম বা মাল্টিমিডিয়ার আনন্দ উপভোগ করার জন্য এতে রয়েছে ইন্টেল এইচডি৪৬০০ চিপসেটের গ্রাফিক্স, ৪ জিবি র‌্যাম, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, বিল্ট-ইন স্পিকার, এইচডি অডিও, ৫০০ জিবি হার্ডডিস্ক। এ ছাড়া রয়েছে ওয়্যারলেস ল্যান, গিগাবিট ল্যান, মেমরি কার্ড রিডার, ব্লুটুথ, ইউএসবি পোর্ট, এইচডিএমআই পোর্ট, ভিজিএ পোর্ট প্রভৃতি। দাম ৪০ হাজার টাকা। যোগাযোগ : ০১৯৭৭৪৭৬৫০১

## চট্টগ্রামে ওরাকল ও সিসিএনএ কোর্সে ভর্তি

বন্দরনগরী চট্টগ্রামে দ্য কমপিউটারস লিমিটেডে আইবিসিএস-প্রাইমেক্সের তত্ত্বাবধানে ওরাকল ১০ জিডিবিএ অ্যান্ড ডেভেলপার কোর্সে ভর্তি চলছে। এ ছাড়া রেডহ্যাট লিনআক্স, জেন্ড সার্টিফিকেশন ও সিসিএনএ প্রশিক্ষণ দেয়া হবে। যোগাযোগ : ০১৭৬০৪৮৬৭৯৫ (চট্টগ্রাম), ০১৭১৩৩৯৭৫৬৭-৮ (ঢাকা)

## গিগাবাইটের জি১ স্নাইপার ৫ মাদারবোর্ড বাজারে



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে গিগাবাইট ব্র্যান্ডের জি১ স্নাইপার ৫ মডেলের মাদারবোর্ড। ইন্টেল ফোর্থ জেনারেশন কোরআই৭ প্রসেসর সংবলিত এই মাদারবোর্ডটিতে রয়েছে গিগাবাইট আল্ট্রা ডিউরেবল ফাইভ প্লাস টেকনোলজি, ডুয়াল বায়োস, গিগাবাইট এএমপি আপ অডিও টেকনোলজি, বিল্ট ইন অডিও হেডফোন এমপ্লিফায়ার, ব্লুটুথ ৪.০ এবং ওয়াইফাই কার্ড ইত্যাদি। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ মাদারবোর্ডটির দাম ৩৭ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮

## বাজারে এমএসআই গ্রাফিক্সকার্ড এন৭৮০টিএফ



ইউসিসি বাজারে ছেড়েছে এমএসআই ব্র্যান্ডের গ্রাফিক্সকার্ড এন৭৮০। ৩ জিবি জিডিডিআর৫ পরিকাঠামোতে তৈরি ওভারক্লকিং ক্ষেত্রে ৯৫৪ মেগাহার্টজ পর্যন্ত কাজ করতে সক্ষম। আউটপুটের জন্য রয়েছে ডিভিআই-১, ডিভিআই-ডি, ভিজিএ এবং এইচডিএমআই পোর্ট। মিলিটারি ক্লাস স্ট্যান্ডার্ডের পাশাপাশি ইউসিসির উন্নত বিক্রয়োত্তর সেবা তো থাকছেই। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১

## পিএইচপি ও মাইএসকিউএল কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে প্রফেশনাল পিএইচপি কোর্সে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এ কোর্সে দুটি রিয়েল লাইফ প্রজেক্ট থাকবে। এতে অ্যাজাক্স, জেকোয়ারি, জুমলা, ওয়ার্ডপ্রেস ও অ্যাডভান্স অবজেক্ট অরিয়েন্টেড টেকনিক শেখানো হবে। যোগাযোগ : ০১৭১৩৩-৯৭৫৬৭-৮

## এইচপির দীর্ঘ ব্যাকআপের ল্যাপটপ

স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে এইচপি ২৪২ মডেলের হাই পাওয়ার ব্যাকআপের ল্যাপটপ। ইন্টেল কোরআই৩ ৩১১০এম মডেলের থার্ড জেনারেশন প্রসেসর সংবলিত এ



ল্যাপটপে রয়েছে ইন্টেল এইচএম৭৭ এক্সপ্রেস চিপসেট, ৪ গিগাবাইট ডিডিআর৩ র‌্যাম, ১৪ ইঞ্চি অ্যান্টি-গ্লেয়ার ডিসপ্লে, ৫০০ গিগাবাইট ডিসপ্লে, ডিভিডি রাইটার, ইন্টেল ৪০০০ মডেলের গ্রাফিক্স কার্ড, পানিরোধক কিপ্যাড, ব্লুটুথ এবং ওয়াইফাই সুবিধা। একটি ক্যারিকেস ও এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ৩৯ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৭৩০৭০১৯১০

## কুলার মাস্টার পণ্যের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড


COOLER MASTER

সম্প্রতি তাইওয়ানের কমপিউটার হার্ডওয়্যার পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠান কুলার মাস্টার ব্র্যান্ডের বাংলাদেশ পরিবেশক নিযুক্ত হয়েছে গ্লোবাল ব্র্যান্ড। ১৯৯২ সালে প্রতিষ্ঠিত এ কোম্পানির রয়েছে কমপিউটার কেসিং বা চেসিস, পাওয়ার সাপ্লাই ইউনিট, পিসি কুলার, কুলিং প্যাড এবং অন্যান্য আনুষাঙ্গিক খুচরা যন্ত্রাংশ। বর্তমানে বাংলাদেশের আইটি মার্কেটে কুলার মাস্টার ব্র্যান্ডের বিভিন্ন মডেলের গেমিং কেসিং সর্বনিম্ন ৩ হাজার ৩০০ টাকা থেকে সর্বোচ্চ ৩২ হাজার টাকার মধ্যে, নোটবুক কুলার সর্বনিম্ন ১ হাজার ৩০০ টাকা থেকে সর্বোচ্চ ২ হাজার ৫০০ টাকার মধ্যে এবং পাওয়ার সাপ্লাই ইউনিট সর্বনিম্ন ৩ হাজার টাকা থেকে সর্বোচ্চ ২৮ হাজার টাকার মধ্যে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯২২

## রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি

আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট এন্টারপ্রাইজ ক্লাস্টেরিং অ্যান্ড স্টোরেজ ম্যানেজমেন্ট কোর্সে ভর্তি চলছে। ৩২ ঘণ্টার কোর্সটির প্রশিক্ষণের দায়িত্বে থাকবেন রেডহ্যাট ইন্ডিয়ার প্রশিক্ষক। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭


## তোশিবা ল্যাপটপে একুশে অফার



ভাষার মাস উপলক্ষে তোশিবা ল্যাপটপের দুটি মডেলে বিশেষ একুশে অফার ঘোষণা করেছে স্মার্ট টেকনোলজিস (বিডি) লিমিটেড। মডেলগুলো হলো স্যাটেলাইট সি৪০ ও সি৪০-এ১২২। স্যাটেলাইট সি৪০-তে রয়েছে ইন্টেল কোরআই থ্রি-৩১২০এম প্রসেসর, ৪ জিবি ডিডিআর৩ র‌্যাম, ৫০০ জিবি হার্ডড্রাইভ, ১৪ ইঞ্চি ডিসপ্লে, ওয়াইফাই এবং ব্লুটুথ ইত্যাদি। দাম ৩৮ হাজার ৯০০ থেকে কমিয়ে ৩৭ হাজার ৫০০ টাকা করা হয়েছে। অন্যদিকে স্যাটেলাইট সি৪০-এ১২২ মডেলের ল্যাপটপের স্পেসিফিকেশন প্রায় একই ধরনের হলেও এ ল্যাপটপে ব্যবহার হয়েছে ইন্টেল কোরআই থ্রি-৩১১০এম প্রসেসর। দাম ৩৯ হাজার থেকে কমিয়ে ৩৭ হাজার টাকা করা হয়েছে। যোগাযোগ : ০১৭৫৫-৬০৬৩১৯


## কমপিউটার সোর্সে ডি-লিংক সুইচ

নির্দিষ্টসংখ্যক ব্যবহারকারীকে একটি গ্রুপ নেটওয়ার্কে যুক্ত করে ডাটা শেয়ার, ভিডিও লেনদেন ও ই-মেইল দেয়া-নেয়ার সুযোগ করে



দিতে ডি-লিংক ব্র্যান্ডের সুইচ দেশের বাজারে এনেছে কমপিউটার সোর্স। ছোট বা মাঝারি আকারের অফিসের জন্য চাহিদাভেদে এই আনম্যানেজড সুইচগুলো ৫, ৮, ১৬ ও ২৪ পোর্টের হয়ে থাকে। এদের মধ্যে ডি-লিংক গিগাসুইচ দেয় সেকেন্ডে ১০/১০০/১০০০ গিগাবিট পর্যন্ত ডাটা দেয়া-নেয়ার সুবিধা। এটি সাধারণত সার্ভার বা যেখানে উচ্চগতির ডাটা শেয়ার প্রয়োজন, সেখানে ব্যবহার হয়। ডি-লিংক ১০/১০০ আনম্যানেজড সুইচগুলোর রয়েছে চারটি মডেল। প্লাগ অ্যান্ড প্লে সুবিধার প্রতিটি সুইচের সাথে রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৯৩৯৯১৯৫৮৯

## আসুসের এক্স৪৫২সিপি মডেলের নতুন ল্যাপটপ




আসুসের এক্স৪৫২সিপি মডেলের নতুন নোটবুক বাজারে এনেছে গ্লোবাল ব্র্যান্ড। নোটবুকটিতে রয়েছে ১.৮ গিগাহার্টজ গতির ইন্টেল তৃতীয় প্রজন্মের কোরআই৩ প্রসেসর, ১৪ ইঞ্চি ডিসপ্লে, এএমডি রেডিয়ন চিপসেটের ১ জিবি ভিডিও মেমরির গ্রাফিক্স, ৪ জিবি র‌্যাম, ডিভিডি রাইটার, ৫০০ জিবি হার্ডডিস্ক। মাত্র ২.১ কেজি ওজনের ও ৩১.৭ মিলিমিটার সরু নোটবুকটিতে সংযোগ সুবিধা পেতে রয়েছে ভিজিএ পোর্ট, দুটি ইউএসবি ৩.০ পোর্ট, এইচডিএমআই পোর্ট। এ ছাড়া রয়েছে গিগাবিট ল্যান পোর্ট, ওয়্যারলেস ল্যান, বিল্ট-ইন স্পিকার, সনিকমাস্টার অডিও, ওয়েবক্যাম, মেমরি কার্ড রিডার প্রভৃতি। দাম ৪১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২

## লেনোভোর ভয়েস কল ফিচারের ট্যাবলেট



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে লেনোভোর এ১০০০ মডেলের ভয়েস কল ফিচারের ট্যাবলেট পিসি। সিম সমর্থিত এ ট্যাবলেটে ফোন কলের পাশাপাশি মোবাইল ডাটা বা ইন্টারনেট ব্যবহারের সুবিধা রয়েছে। এটি অ্যান্ড্রয়েড জেলিবিন ৪.১.২ মোবাইল অপারেটিং সিস্টেম প্লাটফর্মের ১.২ গিগাহার্টজ ডুয়াল কোর প্রসেসরে চালিত। রয়েছে ৭ ইঞ্চির মাল্টি-টাচ ডিসপ্লে, ১ জিবি র‍্যাম, ৪ জিবি ডাটা স্টোরেজ ডিভাইস, এইচডি ওয়েবক্যাম, ওয়্যারলেস ল্যান, ব্লুটুথ ৪.০, জি-সেন্সর ফাংশন, ডুয়াল স্টেরিও স্পিকার, মাইক্রো-ইউএসবি ইন্টারফেস, মাইক্রো-এসডি কার্ড রিডার প্রভৃতি। ট্যাবলেটটিতে সর্বোচ্চ ৮ ঘণ্টা ওয়াই-ফাই ব্রাউজিং করা যায়। দাম ১৫ হাজার ৫০০ টাকা। যোগাযোগ : ০১৯৭৩২৫৭৯২৫ ◆

## স্যামসাংয়ের মাল্টিফাংশনাল প্রিন্টার



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাং ব্র্যান্ডের এসসিএক্স ৪৬৫৫এফ মডেলের মাল্টিফাংশনাল লেজার প্রিন্টার। প্রিন্টারটির প্রিন্টিং স্পিড ২৪ পিপিএম, রেজ্যুলেশন ১২০০ বাই ১২০০ ডিপিআই, মেমরি ৬৪ মেগাবাইট, প্রসেসর ৪৩৩ মেগাহার্টজ এবং মাসিক ডিউটি সাইকেল ১২ হাজার পৃষ্ঠা। প্রিন্টারটি দিয়ে প্রিন্ট, কপি, স্ক্যান এবং ফ্যাক্স করা যায়। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ২৪ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৬ ◆

## সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) কোর্সে ভর্তি

সার্টিফায়েড ইনফরমেশন সিস্টেম অডিটর (সিসা) কাজের চাহিদা প্রতিনিয়তই বাড়ছে। আইবিসিএস-প্রাইমেক্স সফটওয়্যার (বাংলাদেশ) লিমিটেড এ নতুন সিলেবাস অনুযায়ী সিসা কোর্সে ভর্তি চলছে। কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭ ◆

## ইউসিসি এনেছে বাংলালিংকের থ্রিজি মডেম

ইউসিসি বাংলালিংক ডাটা সিমের ন্যাশনাল ডিস্ট্রিবিউটর মনোনীত হওয়ার পর দ্রুতগতিতে দেশের প্রতিটি জেলায় বাংলালিংকের ডঙ্গল বাজারজাত করছে।



মডেমটির মাধ্যমে গ্রাহকরা পাবেন দ্রুতগতির ইন্টারনেট ব্রাউজিং, লাইভ স্ট্রিমিং, ভিডিও কলিং ইত্যাদি সুবিধা। যেসব এলাকায় এখনও থ্রিজি কাভারেজ, সেখানে বাংলালিংক ডঙ্গলের মাধ্যমে টুজি ইন্টারনেট সেবা পাওয়া যাবে। মডেম এবং সিম ইউসিসি মনোনীত সব খুচরা বিক্রেতার কাছে পাওয়া যাচ্ছে। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১ ◆

## এফএক্স-৬৩০০ বাজারজাত করছে ইউসিসি



ইউসিসি বাজারজাত করছে এএমডি ব্র্যান্ডের ৬ কোর সিরিজের এফএক্স-৬৩০০ সিপিইউ। ১৪ এমবি ক্যাশ এবং ৯৫ ওয়াটের এই প্রসেসর এএমথ্রি+ সকেটের ব্ল্যাক এডিশন নামে পরিচিত, যার স্পিড ৩.৫ গিগাহার্টজ (টার্বো মোডে যার গতি বাড়ানো যায় ৪.১ গিগাহার্টজ পর্যন্ত)। সিপিইউটি তৈরিতে পাইল ড্রাইভার নামের মাইক্রো আর্কিটেকচার ব্যবহার হয়েছে। ৩২ ন্যানোমিটারে তৈরি ৬টি কোরের সমন্বয়ে গঠিত সিপিইউটিতে এল২ ও এল৩ দুই ধরনের ক্যাশ মেমরি রয়েছে। রয়েছে তিন বছরের বিক্রয়োত্তর সেবা। যোগাযোগ : ০১৮৩৩৩৩১৬০১-১৭ ◆

## রেডহ্যাট লিনআক্স ৬ কোর্সে ভর্তি


আইবিসিএস-প্রাইমেক্সে রেডহ্যাট লিনআক্স ৬ কোর্সে শুক্র ও শনিবারের ব্যাচে ভর্তি চলছে। ৯০ ঘণ্টার এ কোর্সে সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন, নেটওয়ার্ক ও সিকিউরিটি অ্যাডমিনিস্ট্রেশন এবং সার্ভার কনফিগারেশন প্রশিক্ষণ ও কোর্স শেষে সার্টিফিকেট দেয়া হবে। যোগাযোগ : ০১৭১৩৩৯৭৫৬৭-৮ ◆

## রেজার ব্র্যান্ডে শীতকালীন অফার



রেজার ব্র্যান্ড গেমিং পণ্যে শীতকালীন অফার ঘোষণা করেছে কমপিউটার সোর্স। অফার অনুযায়ী সর্বশেষ মডেলের রেজার ডেথ অ্যাডার মাউসে ২৯ শতাংশ এবং রেজার ব্ল্যাক উইডো মেকানিক্যাল কিবোর্ডে ২১ শতাংশ নগদ মূল্যহ্রাস করা হয়েছে। আগামী ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত দেশব্যাপী বিস্তৃত কমপিউটার সোর্স আউটলেটে থেকে এ অফার গ্রহণ করা যাবে। অফারকৃত রেজার ডেথ অ্যাডারটির ৬৪০০ ডিপিআই ৪জি অপটিক্যাল সেন্সর এবং ব্ল্যাক উইডোর রয়েছে এন্টি-ঘোস্টিং সুবিধা। যোগাযোগ : ০১৯৩৯৯১৬০৯ ◆

## বাজারে আসুসের মাল্টিমিডিয়া নোটবুক



গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে আসুসের এক্স৫৫২সিএল মডেলের মাল্টিমিডিয়া নোটবুক। ১৫.৬ ইঞ্চি পর্দার ও সনিকমাস্টার অডিও ফিচারের এ নোটবুকটি ১.৮ গিগাহার্টজ গতির তৃতীয় প্রজন্মের ইন্টেল কোরআই৩ প্রসেসরে চালিত। রয়েছে ৪ জিবি র‍্যাম, ৫০০ জিবি হার্ডডিস্ক, ১ গিগাবাইট ভিডিও মেমরির এনভিডিয়া জিফোর্স চিপসেটের গ্রাফিক্স, ডিভিডি রাইটার, ওয়েবক্যাম, মেমরি কার্ড রিডার। এ ছাড়া নোটবুকটিতে রয়েছে এইচডিএমআই পোর্ট, ইউএসবি ৩.০ পোর্ট ও দুই বছরের আন্তর্জাতিক বিক্রয়োত্তর সেবা। দাম ৪১ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৪২ ◆

## বাজারে স্যামসাংয়ের ওয়াইফাই প্রিন্টার



স্মার্ট টেকনোলজিস বাজারে এনেছে স্যামসাং ব্র্যান্ডের এমএল-২১৬৫ডব্লিউ মডেলের ওয়াইফাই প্রিন্টার। ২০ পিপিএম স্পিডসম্পন্ন প্রিন্টারটির রেজ্যুলেশন ১২০০ বাই ১২০০ ডিপিআই, মেমরি ৬৪ মেগাবাইট, প্রসেসর ৩০০ মেগাহার্টজ এবং মাসিক ডিউটি সাইকেল ১০ হাজার পৃষ্ঠা। ডেস্কটপ কিংবা ল্যাপটপ ছাড়াও যেকোনো ওয়াইফাই সমর্থিত ডিভাইস যেমন স্মার্টফোন, ফ্যাবলেট কিংবা ট্যাবলেট থেকে কমান্ড দিয়ে এ প্রিন্টারে প্রিন্ট করা যায়। এক বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৬ ◆

## বাজারে আসুসের মিলিটারি-গ্রেড মাদারবোর্ড

আসুসের পরিবেশক গ্লোবাল ব্র্যান্ড বাজারে এনেছে গ্রিফোন জেড৮৭ মডেলের নতুন



মাদারবোর্ড। ইন্টেল জেড৮৭ চিপসেটের এই মাদারবোর্ডটি চতুর্থ প্রজন্মের ইন্টেল কোরআই৭, কোরআই৫, কোরআই৩, পেন্টিয়াম বা সেলেরন প্রসেসর সমর্থন করে। আসুসের টিইউএফ (দ্য আল্টিমেট ফোর্স) সিরিজের এ মাদারবোর্ডটিতে মিলিটারি-গ্রেড স্ট্যান্ডার্ডের কম্পোনেন্ট ব্যবহার হয়েছে। এর চারটি ডিডিআর৩ র‍্যাম স্লটে সর্বোচ্চ ৩২ জিবি র‍্যাম ব্যবহার করা যায় এবং এতে অত্যাধুনিক পিসিআই এক্সপ্রেস ৩.০ স্লট থাকায় এনভিডিয়া কোয়াড-জিপিইউ এসএলআই এবং এএমডি কোয়াড-জিপিইউ ক্রসফায়ারএক্স মাল্টি-জিপিইউ সমর্থন করে। দাম ১৮ হাজার টাকা। যোগাযোগ : ০১৭১৩২৫৭৯৩৮ ◆

## গিগাবাইট জিএ এইচ৭৭-ডিএস৩এইচ মডেলের মাদারবোর্ড

গিগাবাইট ব্র্যান্ডের জিএ এইচ৭৭-ডিএস৩এইচ মডেলের মাদারবোর্ড বাজারে এনেছে স্মার্ট টেকনোলজিস। মাদারবোর্ডটিতে



রয়েছে গিগাবাইট থ্রিডি বায়োস, আল্ট্রা ডিউর‍্যাবল ফোর ক্লাসিক ডিজাইন, পিসিআই এক্সপ্রেস, সলিড ক্যাপাসিটর, ইউএসবি ৩.০, সাটা ৩.০, ৩এক্স ইউএসবি পাওয়ার, ইন্টিগ্রেটেড ইন্টেল ৪০০০ গ্রাফিক্সকার্ড ইত্যাদি। এ ছাড়া এই মাদারবোর্ডে রয়েছে অন-অফ ইউএসবি চার্জ সুবিধা। এটি ইন্টেল ডুয়াল কোর, কোরআই৩, কোরআই৫ এবং কোরআই৭ প্রসেসর সমর্থন করে। তিন বছরের বিক্রয়োত্তর সেবাসহ দাম ১০ হাজার টাকা। যোগাযোগ : ০১৭৩০৩১৭৭৬৮ ◆